

**AKASHVANI(AIR)**  
**RNU:KOLKATA**  
**BengaliText Bulletin**

**Date 31-12-2025**

**Time: 1.40 P.M.**

**বিশেষ বিশেষ খবর –**

১) শীর্ষ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ কলকাতায় দলীয় সাংসদ ও বিধায়কদের সঙ্গে বৈঠক করছেন।

২) বিশেষ নিবিড় সংশোধনী এসআইআর-এর শুনানি পর্বের কাজ সরেজমিনে খতিয়ে দেখতে আজ হাওড়া জেলায় পৌঁছেছে রাজ্য সফররত নির্বাচন কমিশনের প্রতিনিধি দল।

রাজ্যে ৩০০-রও বেশি ভোটার রয়েছে এমন আবাসনের সংখ্যা নিয়ে রিপোর্ট তলব করেছে নির্বাচন কমিশন।

৩) দশম ও দ্বাদশ শ্রেণীর আগামী বছরের তেসরা মার্চের নির্ধারিত পরীক্ষার দিন পরিবর্তন করেছে CBSE।

৪) বর্ষবরণের রাতে কোনোরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে শহর কলকাতায় মোতায়েন করা হবে প্রায় ৩ হাজার পুলিশ বাহিনী।

যাত্রী সুরক্ষার কথা মাথায় রেখে মেট্রো স্টেশনগুলিতে নিরাপত্তা জোরদার করা হচ্ছে।

৫) ২০১৮ সালের পর কলকাতায় আজ সবথেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে।

---

রাজ্য সফররত শীর্ষ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ কলকাতায় দলীয় সাংসদ ঐ বিধায়কদের সঙ্গে বৈঠক করছেন। ভোটমুখী পশ্চিমবঙ্গে দলীয় রণকৌশল নিয়ে সেখানে আলোচনা চলছে বলে মনে করা হচ্ছে।

এরপর সায়েন্সসিটি অডিটোরিয়ামে বুথ স্তরের কর্মীদের সঙ্গে কথা বলেবেন তিনি। বিকেলে তিনি যাবেন উত্তর কলকাতার ঠনঠনিয়া কালীবাড়ি মন্দিরে।

এদিকে, ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-SIR প্রক্রিয়ায় মতুয়াদের চিন্তার কোনো কারণ নেই বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী আশ্বাস দিয়েছেন। গতকাল সাংবাদিক সম্মেলনে তিনি জানান, শরণার্থী হিসেবে যারা ভারতে এসেছেন, তাঁদের নাগরিকত্ব নিয়ে আশঙ্কার কোন কারণ নেই।

বাইট-অমিত শাহ

উল্লেখ্য, তিনদিনের সফরে গত সোমবার তিনি কলকাতা পৌঁছেন।

ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর শুনানি পর্বের কাজ সেরেজমিনে খতিয়ে দেখতে আজ হাওড়া জেলায় পৌঁছেছে রাজ্য সফররত নির্বাচন কমিশনের প্রতিনিধি দল। কমিশন সূত্রে জানা গিয়েছে, সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী এবং প্রিন্সিপাল সেক্রেটারি এস বি জোশি হাওড়া জেলার একাধিক শুনানি কেন্দ্র পরিদর্শন করেন।

প্রথমে তাঁরা হাওড়ার দাসনগর সরকারি পলিটেকনিক কলেজে যান। কথা বলেন ভোটারদের সঙ্গে। শুনানি প্রক্রিয়া সম্পর্কে তাদের মতামত শোনেন। সেই সঙ্গে শুনানির

ব্যবস্থাপনা, নথি যাচাই ও সার্বিক পরিবেশ নিয়েও খোঁজখবর নেন নির্বাচন কমিশনের আধিকারিকেরা।

এর পর ওই প্রতিনিধি দল হাওড়া জেলা লাইব্রেরিতে এসআইআর-এর শুনানি কেন্দ্র পরিদর্শন করে। উপস্থিত ছিলেন হাওড়ার জেলা নির্বাচনী আধিকারিক এবং রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী।

নির্বাচন কমিশন সূত্রে জানানো হয়েছে, রাজ্যজুড়ে শুনানি পর্ব যাতে স্বচ্ছ, নিরপেক্ষ ও নির্ভুল ভাবে সম্পন্ন হয়, তা নিশ্চিত করতেই এই নজরদারি ও পর্যবেক্ষণ।

-----

রাজ্যে ৩০০-র বেশি ভোটের রয়েছে এমন আবাসনের সংখ্যা নিয়ে নির্বাচন কমিশন জেলাওয়ারি রিপোর্ট তলব করেছে। আজকের মধ্যেই সেই সংক্রান্ত রিপোর্ট জমা দিতে জেলা নির্বাচনী আধিকারিকদের নির্দেশ দিয়েছেন সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী। নচেৎ সংশ্লিষ্ট জেলা নির্বাচনী আধিকারিকদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে বলেও গতকালের বৈঠকে হুঁশিয়ারি দিয়েছেন তিনি।

আবাসনে ভোটকেন্দ্র করা নিয়ে দীর্ঘদিনের বিতর্ক ও অভিযোগের আবহে গতকাল সরাসরি জেলা নির্বাচন আধিকারিকদের নিয়ে বৈঠক ডেকেছিল রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিকের দফতর। সেখানেই এই সংক্রান্ত নির্দেশ দেওয়া হয় বলে কমিশন সূত্রে জানা গিয়েছে।

-----

দশম ও দ্বাদশ শ্রেণীর আগামী বছরের তেসরা মার্চের নির্ধারিত পরীক্ষার দিন পরিবর্তন করেছে সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন – CBSE। এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, দশম শ্রেণীর যে যে বিষয়ের পরীক্ষা তিন তারিখ নির্ধারিত ছিল তা পরিবর্তিত হয়ে ১১ ই মার্চ করা হয়েছে। অন্যদিকে, দ্বাদশ শ্রেণীর ঐ দিনের পরীক্ষা

হবে ১০ ই এপ্রিল। প্রশাসনিক কারণে এই পরিবর্তন বলে বোর্ডের তরফে জানানো হয়েছে।

২০২৫ সালে ভারত বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিবর্তনের মাধ্যমে এগিয়ে গেছে। দ্রুত উন্নয়নশীল দেশগুলোর মধ্যে ভারত এখন অন্যতম। একটি প্রতিবেদন-

### ক্যাপসুল অভিজিত

আজকের প্রসঙ্গে আজ শুনবেন নতুন ভারত তৈরিতে দেশের যোগাযোগ ব্যবস্থা নিয়ে কেন্দ্রীয় সরকারের বিশেষ উদ্যোগ সংক্রান্ত আলোচনা। আলোচনায় অংশ নিয়েছেন পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক দীপ্তিময় দত্ত, মেট্রো রেলের প্রিন্সিপাল চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার অসীম কুমার মজুমদার এবং প্রযুক্তিবিদ তথা আর্থিক বিশ্লেষক সুদীপ্ত গুহ। তাদের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার। আজ রাত সাড়ে নটায় অনুষ্ঠানটি শোনা যাবে গীতাঞ্জলি প্রচার তরঙ্গে।

বর্ষবরণের রাতে কোনরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে শহরের রাস্তায় নামছে প্রায় তিন হাজার পুলিশ বাহিনী। ২১ জন উচ্চপদস্থ IPS আধিকারিক, ৪১ জন অ্যাসিস্টেন্ট সাব ইন্সপেক্টর পদমর্যাদার আধিকারিক রাস্তায় থাকছেন। একাধিক ওয়াচ টাওয়ার থেকে নজরদারি চালানো হবে। প্রয়োজনে ব্যবহার করা হবে ড্রোন। থাকবে ৩৮ টি নাকা চেকিং পয়েন্ট। শহরের বিভিন্ন পানশালা ও নাইট ক্লাবে সাদা পোষাকে পুলিশের নজরদারি চলবে।

বর্ষবরণের সন্ধ্যায় আজ এবং নতুন বছরের প্রথম দিনে আগামীকাল, শহরের যানজট নিয়ন্ত্রণে বিশেষ পদক্ষেপ নিয়েছে কলকাতা পুলিশ।

এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আজ এবং আগামীকাল বিকেল চারটে থেকে ভোর সাড়ে চারটে পর্যন্ত শহরের একাধিক রাস্তায় অত্যাৱশ্যক পণ্য ছাড়া যে কোনো ধরনের পণ্যবাহী যান চলাচল বন্ধ থাকবে। একটি প্রতিবেদন –

### ক্যাপসুল অভিরূপ

---

যাত্রী সুরক্ষার কথা মাথায় রেখে ইংরেজী নববর্ষের প্রাক্কালে আজ মেট্রো রেল, এসপ্ল্যানেড, পার্কস্ট্রিট, ময়দান, রবীন্দ্রসদন, দমদম এবং দক্ষিণেশ্বর স্টেশনে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত নিয়েছে। মেট্রো রেলের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, জরুরী অবস্থার মোকাবিলায় অতিরিক্ত RPF কর্মী মোতায়েন করা হচ্ছে। পার্ক স্ট্রিট, ময়দান ও এসপ্ল্যানেড স্টেশনে প্রস্তুত রাখা হচ্ছে কুইক রেসপন্স টিম। থাকছে ডগ স্কোয়াড। যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে রিয়েল টাইম ভিত্তিতে CCTV পর্যবেক্ষণ করা হবে।

যাত্রীদের সুবিধার্থে বর্ষবরণের রাতে আজ মেট্রো রেল রু লাইনে আপ ও ডাউন সহ মোট ৮টি অতিরিক্ত পরিষেবা দেবে। ওএদিন রাত সাড়ে ১০ টায় শহীদ স্কুদিরাম থেকে দমদম পর্যন্ত বিশেষ পরিষেবা দেওয়া হবে। এছাড়া, রাত ৯ টা চল্লিশ, ৯ টা ৫২, ১০ টা ৫ এবং রাত ১০ টা ১৮ মিনিটে দক্ষিণেশ্বর থেকে শহীদ স্কুদিরাম, এবং রাত ৯ টা ৫৪, ১০ টা চার ও রাত ১০ টা ১৭ মিনিটে শহীদ স্কুদিরাম থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত এই বিশেষ পরিষেবা পাওয়া যাবে।

এদিকে, আজ এবং আগামীকাল, পশ্চিমবঙ্গ পরিবহন নিগম, বিকেল তিনটে থেকে রাত সাড়ে আটটা পর্যন্ত ইকো পার্কে যাওয়ার জন্য স্পেশাল বাস পরিষেবা দেবে।

---

বছরের শেষ দিন সর্বনিম্ন তাপমাত্রার নিরিখে কলকাতায় আজ সব থেকে কম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। এটি'ই এই মরসুমের সবথেকে কম সর্বনিম্ন তাপমাত্রা বলে জানিয়েছেন, আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস। এর আগে ২০১৮ সালে কলকাতায় সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১০ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। আলিপুরে আজ ন্যূনতম তাপমাত্রা রেকর্ড করা হয়- ১১ ডিগ্রি সেলসিয়াস- স্বাভাবিকের থেকে যা ২'দশমিক আট ডিগ্রি কম।

(বাইট- হাবিবুর)

দক্ষিণবঙ্গে সবথেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে শ্রীনিকেতনে- ৬'দশমিক পাঁচ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চার দশমিক দুই ডিগ্রি কম। এটি এই মরসুমে শ্রীনিকেতনের সবথেকে কম তাপমাত্রা। এছাড়াও, কল্যাণী, আসানসোল, বর্ধমান, সিউড়ি, বাঁকুড়া, ঝাড়গ্রাম, ব্যারাকপুর, উলুবেড়িয়া, ক্যানিং, বহরমপুর- সর্বত্রই সকালের তাপমাত্রা ১০ ডিগ্রি কম রেকর্ড করা হয়েছে।

উত্তরবঙ্গে আজ সবথেকে কম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে মালদায়- ৯'দশমিক পাঁচ ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং-এর পাহাড়ি এলাকায় তাপমাত্রা ছিল তিন দশমিক চার ডিগ্রি সেলসিয়াস।

---

দক্ষিণ ২৪ পরগণার ক্যানিং থানার পুলিশ কোয়ার্টার থেকে এক মহিলা হোমগার্ডের বুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় সিট গঠন করেছে পুলিশ। বারুইপুর পুলিশ জেলার

অতিরিক্ত পুলিশ সুপার রূপান্তর সেনগুপ্তর নেতৃত্বে ছয় সদস্যের সিট গঠন করা হয়েছে। পরিবারের লিখিত অভিযোগের ভিত্তিতে ক্যানিং থানার সাব-ইন্সপেক্টর সায়েন ভট্টাচার্যকে সাসপেন্ড করা হয়েছে। এফ আই আর দায়েরের পর থেকে তিনি পলাতক।

উল্লেখ্য, গত শনিবার জীবনতলা থানার উত্তর মৌখালি এলাকার বাসিন্দা, বছর ২২-এর গুলজান পারভীন মোল্লা ওরফে রেশমির ঝুলন্ত দেহ উদ্ধার হয়।

দু'বছর আগে পঞ্চায়েত ভোটের সময় ভাঙরে খুন হয়েছিলেন রেশমির বাবা রশিদ মোল্লা।

---